

া রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - বেলায়াতের পথে যিকরের সাথে রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ছ. যিকরের জন্য আদব - (৩) যিকরে মনোযোগ

যিকরের সময় হৃদয় ও জিহ্বাকে একত্রিত করার জন্য সর্বদা চেষ্টা করতে হবে। মুখে যা উচ্চারণ করতে হবে। মনকে তার অর্থের দিকে নিবদ্ধ রাখতে হবে। যিকরের শব্দের সাথে হৃদয়কে আলোড়িত করতে হবে। সর্বোত্তম যিকর হলে - যা মুখে ও মনে একত্রে উচ্চারিত হয়। দ্বিতীয় পর্যায়ের যিকর - শুধু মনের যিকর। তৃতীয় পর্যায়ের যিকর- শুধু মুখের যিকর। অনেক সময যাকিরের মনে ওয়াসওয়াসা আসে যে, চলতে ফিরতে, গাড়িতে, মাজলিসে বা জনসমক্ষে মুখের যিকর করলে রিয়া হবে বা মানুষ রিয়াকারী বলবে, কাজেই শুধু মনে যিকর করি। এই চিন্তা অর্থহীন ও যিকর থেকে বিরত রাখার জন্য শয়তানী ওয়াসওয়াসা। যাকিরের দায়িত্ব, নিজের মনকে আল্লাহ-মুখী করা ও রিয়া থেকে পবিত্র করা। সাথে সাথে বেপরোয়াভাবে সর্বদা নিজের জিহ্বাকে যিকরে ব্যস্ত ও আর্দ্র রাখা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8785

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন